# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## আবশ্যক

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে ঃ

### কর্মকর্তা পদ

১। **প্রকৌশল অফিস**
(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ৫০০০০-৭১২০০/-।
(খ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ)-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ৩৫৫০০-৬৭০১০/-।
(গ) সহকারী প্রকৌশলী (পুর)-এর ২ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।

২। **বুয়েট মেডিক্যাল সেন্টার**
মেডিক্যাল অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২৩০০০- ৫৫৪৭০/-।

৩। **পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ কৌশল বিভাগ**
সহকারী এক্সপেরিমেন্টাল ইঞ্জিনিয়ার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।

৪। **কেন্দ্রিয় লাইব্রেরি**
জুনিয়র সহকারী লাইব্রেরিয়ান-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ২২০০০-৫৩০৬০/-।

৫। **ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি**
সহকারী ইন্টারনেট সার্ভিস অফিসার-এর ১ টি স্থায়ী পদ। বেতন স্কেল ৳ঃ ১৬০০০-৩৮৬৪০/-।

**উল্লিখিত পদে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ ২১/০১/২০২০ ইং**

**তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) পদের নির্ধারিত যোগ্যতাঃ-** প্রার্থীকে সকল পর্যায়ে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণি/ বিভাগসহ পুরকৌশল বিষয়ে কমপক্ষে ২য় শ্রেণির বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রাপ্ত হইতে হইবে এবং নির্বাহী প্রকৌশলী বা সমমান পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সহ মোট ১২ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে। Design, supervision and maintenance of Civil/ Electrical works in buildings, industries বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। Microsoft Office এর কাজে এবং Auto CAD পরিচালনায় পারদর্শী হইতে হইবে।

**নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) পদের নির্ধারিত যোগ্যতাঃ-** প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ত. ই. কৌশলে বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি ও সহকারী প্রকৌশলী হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। **অথবা** প্রার্থীকে কোন স্বীকৃত পলিটেকনিক হইতে ত.ই. কৌশলে ডিপ্লোমা প্রাপ্ত হইতে হইবে এবং সহকারী প্রকৌশলী বা তদ্ধোর্ধ পদে অবশ্যই ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ ১৫(পনের) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। Design, supervision and maintenance of Electrical distribution in buildings, industries, Electrical substations and Lifts বিষয়ে এবং PABX maintenance/স্থাপন সংক্রান্ত কাজে দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হইবে। Microsoft Office এর কাজে এবং Auto CAD পরিচালনায় পারদর্শী হইতে হইবে।

**সহকারী প্রকৌশলী (পুর) পদের নির্ধারিত যোগ্যতাঃ-** প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে পুরকৌশলে বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি হইতে হইবে। **অথবা** প্রার্থীকে কোন স্বীকৃত পলিটেকনিক হইতে পুরকৌশলে ডিপ্লোমা প্রাপ্ত হইতে হইবে এবং উপ-সহকারী প্রকৌশলী পদে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এবং Design, supervision and maintenance of Civil Works in buildings, industries, বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধীকার দেওয়া হইবে। Microsoft Office এর কাজে এবং Auto CAD পরিচালনায় পারদর্শী হইতে হইবে।

**মেডিক্যাল অফিসার পদের নির্ধারিত যোগ্যতাঃ-** এস.এস.সি ও এইচ.এস.সি-তে ১ম বিভাগসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি পাশ হইতে হইবে এবং কোন সরকারি, আধা-সরকারি বা স্বায়িত্বশাসিত প্রতিষ্ঠানে ৫ বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকিতে হইবে। কোন খ্যাতনামা মেডিক্যাল কলেজ/ বিশ্ববিদ্যালয় হইতে ডিগ্রিপ্রাপ্ত এবং অভিজ্ঞদের চাকুরিতে অগ্রাধিকার দেওয়া হইবে।

**সহকারী এক্সপেরিমেন্টাল ইঞ্জিনিয়ার পদের নির্ধারিত যোগ্যতাঃ-** Must have a B.Sc. Engg. Degree in Chemical/ Mechanical/ Electrical. Specialised Training will be considered as added qualification.

**জুনিয়র সহকারী লাইব্রেরিয়ান পদের নির্ধারিত যোগ্যতাঃ-** প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ প্রতিষ্ঠান হইতে লাইব্রেরি ও তথ্য বিজ্ঞানে কমপক্ষে স্নাতক সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী হইতে হইবে এবং অনুমোদিত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান-এ ক্যাটালগার বা লাইব্রেরি সহকারী পদে ৫(পাঁচ) বৎসর কাজের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারে MS Word, Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন এবং লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়ার এবং KOHA ব্যবহারে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।

**সহকারী ইন্টারনেট সার্ভিস অফিসার পদের নির্ধারিত যোগ্যতাঃ-** প্রার্থীকে কোন অনুমোদিত শিক্ষাপ্রতিষ্ঠান হইতে কম্পিউটার/ইলেকট্রনিক্স বা সমতুল্য বিষয়ে ডিপ্লোমাসহ কম্পিউটার ও নেটওয়ার্ক মেরামত/ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

**সকল পদের জন্য প্রযোজ্যঃ-** এই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত (REG-2) ফরমে সকল অতীত ও বর্তমান চাকুরীর পদমর্যাদা, বেতন স্কেল ও তারিখ উল্লেখ পূর্বক রেজিস্ট্রার-এর বরাবরে আবেদনপত্র ১০ সেট জমা দিতে হইবে। তন্মধ্যে ১ সেটের সাথে ৩ কপি সত্যায়িত ছবি এবং কম্পট্রোলার BUET-এর অনুকূলে প্রদেয় ৪র্থ গ্রেড (বেতন স্কেল ৫০০০০-৭১২০০/-) পদে আবেদনের জন্য ৳ঃ ১,০০০/-(এক হাজার) টাকা এবং অন্যান্য গ্রেড পদে আবেদনের ক্ষেত্রে ৳ঃ ৭৫০/-(সাত শত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা কম্পট্রোলার অফিস কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক বুয়েট শাখায় নগদ টাকা জমা প্রদান পূর্বক, টাকার রশিদ সংযুক্ত করতঃ প্রত্যেক সেটের সাথে আবেদনপত্র/ Forwarding Letter-সহ সকল সার্টিফিকেট, টেস্টিমোনিয়েল, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং অভিজ্ঞতার সার্টিফিকেট-এর সত্যায়িত কপি (সকল কাগজপত্র বাঁধাইকৃত সেট) সংযুক্ত করিতে হইবে। অসম্পূর্ণ, ভুল তথ্যসম্বলিত এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। প্রার্থীর শিক্ষাজীবনের কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য নহে।

বেসরকারি বিশ্ববিদ্যালয়/বিদেশী ডিগ্রিধারী প্রার্থীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/অফিস কর্তৃক যথানিয়মে ইকুয়িভ্যালেন্স সম্পাদন সাপেক্ষে আবেদন পত্র প্রসেস করা হইবে। আবেদনের জন্য নির্ধারিত ফরম (REG-2) এই বিশ্ববিদ্যালয়ের Web Site (regoffice.buet.ac.bd)-এর download page এবং কর্মকর্তা পদের Q.T. Vacancy-এর Job circular page হইতে সংগ্রহ করা যাইবে। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার যাতায়াত বা দৈনিক ভাতা দেওয়া হইবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ডঃ এস.এম. মাহ্বুবুর রহমান)
রেজিস্ট্রার (অঃ দাঃ)

নং সংস্থা/ব-৫৯/৮০০৭৯/৯৯৬১৬/১০০০৫৪/১০১৯৫৬/৯০৪১৫/১০১১২৫/রে-৩৭৩০(৬০) তারিখঃ ০৭/০১/২০২০

**বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ঃ-**

১। ডীন, সকল অনুষদ, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
২। সকল বিভাগীয় প্রধান/ পরিচালক/ অফিস প্রধান/ হল প্রভোস্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।
৩। পরিচালক, আই.আই.সি.টি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- (বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস, বাঃ প্রঃ বিঃ, ঢাকা।- বিজ্ঞপ্তিটি Web Site-এ দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য।